অবৈধ অভিবাসন ও আইনভঙ্গ: সৌদিতে ৬ দিনে ১৪ হাজার ২ শতাধিক গ্রেপ্তার

বিশ্ব বার্তা ডেস্ক

অবৈধ অভিবাসন ও শ্রম আইন ভঙ্গের অভিযোগে সৌদিতে ১৩ আগস্ট থেকে ১৯ আগস্ট পর্যন্ত ১৪ হাজার ২৬০ জনকে গ্রেপ্তার করেছে দেশটির পুলিশ। সৌদির রাষ্ট্রায়ত্ত বার্তাসংস্থা এসপিএর বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে গালফ নিউজ।

গ্রেপ্তারদের মধ্যে ৬ হাজার ৯০০ জনের বিরুদ্ধে আবাসিক আইন লঙ্ঘন, ৩ হাজার ৯৮২ জনের সীমান্ত নিরাপত্তা লঙ্ঘন এবং ৩ হাজার ৩৭৮ জনের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগ রয়েছে।

এছাড়া একই সময়সীমায় সীমান্ত পাড়ি দিয়ে অবৈধভাবে সৌদিতে প্রবেশের অভিযোগে পৃথকভাবে গ্রেপ্তার হয়েছেন আরও ১ হাজার ৫২৪ জন। এই গ্রেপ্তারদের ৬৩ শতাংশ ইথিওপিয়া, ৩৬ শতাংশ ইয়েমেনি এবং বাকি ১ শতাংশ অন্যান্য দেশের নাগরিক।

এক বিবৃতিতে সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, অবৈধ অভিবাসনের বিরুদ্ধে চলতি আগস্টের শুরু থেকে অভিযান শুরু করেছে সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ৩১ হাজার ৯২২ জনকে। গ্রেপ্তারদের মধ্যে ১৩ হাজার ৭২৪ জনকে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে এবং ১৮ হাজার ৮০৮ জনকে তাদের নিজ দেশের দূতাবাসগুলোতে হস্তান্তার করা হয়েছে। যে ৩১ হাজার ৯২২ জনকে গ্রেপ্তার করা হয়েছে, তাদের মধ্যে ২৯ হাজার ৯৬১ জন পুরুষ এবং ১ হাজার ৯৬১ জন নারী।

এসপিএর প্রতিবেদনে বলা হয়েছে, সৌদির কোনো নাগরিকের বিরুদ্ধে যদি অবৈধ অভিবাসীদের আশ্রয়, পরিবহন ও কর্মসংস্থানের ব্যবস্থা করার অভিযোগ পাওয়া যায়, তাহলে আইন অনুযায়ী ওই নাগরিককে সর্বোচ্চ ১৫ বছর কারাবাসের সাজা ভোগ করতে হবে।

৩ বছর বয়সী শিশুকে ধর্ষণ-হত্যার ঘটনায় বিক্ষোভে উত্তাল নেপাল

বিশ্ব বার্তা ডেস্ক

নেপালের মদেশ প্রদেশে তিন বছর বয়সী এক কন্যাশিশুকে ধর্ষণ ও হত্যার ঘটনাকে কেন্দ্র করে দেশজুড়ে তীব্র জনরোষ ও বিক্ষোভ শুরু হয়েছে। এই নৃশংস ঘটনার পর রাজনীতিবিদ ও অধিকারকর্মীরা আরও কঠোর আইন প্রণয়নের জন্য সরকারের প্রতি জোরালো দাবি জানিয়েছেন।

নিখোঁজ হওয়ার তিন দিন পর গত সপ্তাহে ওই শিশুর মরদেহ উদ্ধার করা হয়। এই ঘটনায় এখন পর্যন্ত নয়জনকে গ্রেপ্তার করেছে স্থানীয় পুলিশ। সিমারা শহরে কয়েক দিন ধরে চলা আন্দোলনের পর ভুক্তভোগীর পরিবার সরকারি মন্ত্রীদের সঙ্গে বৈঠক করে এবং একটি লিখিত চুক্তি করে। সরকার গুরুতর অপরাধের আইন পর্যালোচনা এবং শিশুটির স্মরণে একটি স্মৃতিসৌধ নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছে।

এই ঘটনা অপ্রাপ্তবয়স্ক অপরাধীদের বিচারের বিষয়ে নতুন করে বিতর্ক তৈরি করেছে, যেখানে কিছু আন্দোলনকারী ধর্ষণ বা খুনের দায়ে দোষী সাব্যস্ত কিশোরদের জন্য আরও কঠোর শাস্তির দাবি জানাচ্ছেন। বিশিষ্ট মানবাধিকারকর্মী গৌরী প্রধান এই হামলাকে একটি 'খুব বেদনাদায়ক ঘটনা' হিসেবে অভিহিত করে বলেছেন, সরকারের উচিত এই জঘন্য কাজের সঙ্গে জড়িতদের শাস্তি দেওয়া এবং ব্যাপক সংস্কারের জন্য গুরুতর প্রচেষ্টা চালানো। তবে তিনি মৃত্যুদণ্ড চালুর দাবির বিষয়ে সতর্ক করেছেন।

পুলিশ হেফাজতে থাকা এক কিশোর সন্দেহভাজনের বক্তব্য দেওয়ার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় জনগণের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। কীভাবে পুলিশের হেফাজতে থাকা ব্যক্তির ফুটেজ ফাঁস হলো তা নিয়ে প্রশ্ন ওঠে। বারা জেলার প্রধান জেলা কর্মকর্তা ধর্মেন্দ্র কুমার মিশ্র বিবিসিকে জানান, তারা এই ফাঁসের সঙ্গে সরাসরি জড়িত এক পুলিশ সদস্যকে খুঁজে পেয়েছেন এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু করেছেন। তিনি জানান, এই ধরনের বিষয়ের বিরুদ্ধে তাদের 'জিরো টলারেন্স' নীতি রয়েছে। নেপাল পুলিশের তথ্য অনুযায়ী, ২০১৭ সালের জুলাই থেকে ২০২৫ সালের জুলাই মাসের মধ্যে দেশটিতে ধর্ষণ ও যৌন নির্যাতনের ২৫ হাজার ৫০০টির বেশি অভিযোগ নথিভুক্ত করা হয়েছে। এর মধ্যে ৩ হাজার ২০০ জনেরও বেশি নারী ভুক্তভোগীর বয়স ১০ বছরের কম ছিল।

কম খরচে ইরানি ড্রোন ধ্বংসকারী অস্ত্র তৈরি করছে যুক্তরাষ্ট্র

বিশ্ব বার্তা ডেস্ক

ইরানি ড্রোন আকাশেই ধ্বংস করতে কম খরচের ইন্টারসেপ্টর তৈরি শুরু করেছে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডাভিত্তিক স্টার্টআপ প্রতিষ্ঠান 'পাওয়ারআস'। সংযুক্ত আরব আমিরাতের একটি কারখানায় থ্রিডি প্রিন্টিং প্রযুক্তির সাহায্যে ঘণ্টায় ২০০ মাইল গতিসম্পন্ন এসব ড্রোন ধ্বংসকারী অস্ত্র তৈরি হচ্ছে।

পাওয়ারআসের মুখপাত্র জানান, বিশ্বের বিভিন্ন দেশের কারখানায় বর্তমানে মাসে প্রায় তিন হাজার ইন্টারসেপ্টর তৈরি হচ্ছে, যা ২০২৭ সালের মাঝামাঝি নাগাদ ১৫ হাজারে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। প্রথাগত আমলাতান্ত্রিক জটিলতা এড়াতে তারা মার্কিন যুক্তরাষ্ট্র থেকে অস্ত্র রপ্তানি না করে স্থানীয়দের সঙ্গে যৌথভাবে উৎপাদন জোরদার করেছে।

ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর থেকে আরব আমিরাতের ওপর ৫০০টির বেশি ব্যালিস্টিক মিসাইল এবং ২ হাজার ২০০টির বেশি ড্রোন হামলা চালানো হয়, যার ফলে ১৫ জন নিহত, শতশত মানুষ আহত, একটি তেল শোধনাগার বন্ধ এবং দুটি আমাজন ডেটা সেন্টার ধ্বংস হয়। এই পরিস্থিতিতে মার্কিন প্যাট্রিয়ট অস্ত্রের সংকট দেখা দেওয়ায় পাওয়ারআসের তৈরি 'গার্জিয়ান' নামের এই ইন্টারসেপ্টরগুলোর চাহিদা বেড়েছে, যা মাত্র পাঁচ হাজার ডলারে লেগোর মতো সহজে জোড়া দেওয়া যায়। প্রতিষ্ঠানটির সহ-প্রতিষ্ঠাতা মাইকেল সিনেনস্কি জানান, আমিরাতের কারখানায় দিনে ৩০টি ইন্টারসেপ্টর তৈরি হচ্ছে এবং খুব দ্রুতই তা ১০০টিতে উন্নীত করা হবে। এছাড়া জ্বালানি অবকাঠামো রক্ষায় তারা ২২ মিলিয়ন ডলারের একটি বাণিজ্যিক চুক্তি করেছে এবং ভারতের মুম্বাইয়ের একটি প্রতিরক্ষা প্রতিষ্ঠানের সঙ্গেও চুক্তি স্বাক্ষর করেছে। ডোনাল্ড ট্রাম্পের ছেলে ডোনাল্ড ট্রাম্প জুনিয়র ও এরিক ট্রাম্পের মালিকানাধীন বিনিয়োগকারী প্রতিষ্ঠানের মাধ্যমে পাওয়ারআস সম্প্রতি একটি গলফ কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানের সঙ্গে একীভূত হয়েছে।

নির্বাচনের আগে তুরস্ককে নতুন শত্রু দেখাচ্ছে নেতানিয়াহু

বিশ্ব বার্তা ডেস্ক

আসন্ন নির্বাচনকে সামনে রেখে ফিলিস্তিনের পাশাপাশি তুরস্ককে নিজেদের নতুন সামরিক ও রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী হিসেবে তুলে ধরছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তেল আবিবের মূল মহাসড়কে নেতানিয়াহুর দল লিকুদ পার্টির ঝুলানো বিলবোর্ডে তুর্কি প্রেসিডেন্ট রেসেপ তাইয়্যেপ এরদোয়ানকে ইরান ও হিজবুল্লাহ নেতাদের পাশাপাশি দাঁড় করিয়ে প্রতিপক্ষ হিসেবে চিত্রিত করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সিএনএনের এক বিশেষ প্রতিবেদনে জানানো হয়, নির্বাচন সামনে রেখে সম্প্রতি সিরিয়ার উত্তরাঞ্চলে আবু আল-দাহার বিমানঘাঁটিতে বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। তাদের দাবি, সেখানে তুরস্ক সামরিক উপস্থিতি বাড়াচ্ছিল যা ইসরায়েলের নিরাপত্তার জন্য বড় হুমকি। তবে নির্বাচনের দুই মাস আগে পরিচালিত এই হামলা নিয়ে দেশে ও বিদেশে শুরু হয়েছে বিতর্ক।

যুক্তরাষ্ট্রের সিরিয়া বিষয়ক বিশেষ দূত টম ব্যারাক এই হামলাকে অনাবশ্যক উত্তেজনা বৃদ্ধির চেষ্টা হিসেবে সমালোচনা করেছেন। তার মতে, নির্বাচনে সুবিধা পেতেই ইসরায়েল সম্ভবত তুরস্ককে উসকানি দেওয়ার এই নীতি গ্রহণ করেছে। তুরস্কের পক্ষ থেকেও ইসরায়েলের এই পদক্ষেপকে তাদের নিজেদের সম্প্রসারণবাদী নীতি ঢাকার অপকৌশল বলে অভিহিত করা হয়েছে।

ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহু এবং প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের অভিযোগ অস্বীকার করেছেন। নেতানিয়াহু সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে এরদোয়ানকে 'ইহুদিবিদ্বেষী স্বৈরাচারী'

হিসেবে অভিহিত করে সিরিয়ায় তুর্কি উপস্থিতির বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন। অতীতেও এরদোয়ান নেতানিয়াহুকে যুদ্ধাপরাধী বলে আখ্যা দিয়েছিলেন এবং নেতানিয়াহু এরদোয়ানের বিরুদ্ধে হামাসকে সমর্থনের অভিযোগ তুলেছিলেন।

দেশটির বিরোধীদলীয় নেতা ইয়ার লাপিদ, দ্য ডেমোক্র্যাটস পার্টির নেতা ইয়ার গোলান এবং প্রাক্তন প্রধানমন্ত্রী এহুদ বারাক এই হামলার সময়ের তীব্র সমালোচনা করেছেন। জরিপে পিছিয়ে থাকা নেতানিয়াহু জনমত নিজের পক্ষে টানতে এবং নতুন নিরাপত্তা সংকট তৈরি করতে ইচ্ছাকৃতভাবে এই ফ্রন্টটি সচল করেছেন বলে সামরিক বিশ্লেষকরা ধারণা করছেন। সংঘাত চলাকালেই মোসাদ প্রধান রোমান গফম্যান জর্ডানে সিরিয়ার পররাষ্ট্রমন্ত্রী আসাদ আল-শাইবানি এবং নতুন রাষ্ট্রপতি আহমেদ আল-শারার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন।

নির্বাচনের সুনির্দিষ্ট দিনক্ষণ, তারিখ কিংবা ভোটগ্রহণ প্রক্রিয়া সংক্রান্ত যাবতীয় তথ্য বা আপডেটের জন্য পাঠকদের সংশ্লিষ্ট দেশের সরকারি ওয়েবসাইট ও কমিশনের নির্দেশিকা দেখার পরামর্শ দেওয়া হচ্ছে।



সন্ত্রাসী রাষ্ট্রের তালিকা থেকে সিরিয়া বাদ

বিশ্ব বার্তা ডেস্ক

যুক্তরাষ্ট্রের 'সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষক' রাষ্ট্রের তালিকা থেকে সিরিয়ার নাম সরে যাওয়ায় উচ্ছ্বাস প্রকাশ করেছেন দেশটির প্রেসিডেন্ট ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন প্রেসিডেন্ট আহমেদ আল শারা। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদও জানিয়েছেন তিনি।

গত সোমবার এক বিবৃতিতে প্রেসিডেন্ট শারা বলেছেন, "সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষক রাষ্ট্রের তালিকা থেকে সিরিয়ার নাম আনুষ্ঠানিকভাবে বাদ দেওয়ায় আমি সিরিয়ার জনগণের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং সিরিয়া ও সিরীয় জনগণের পাশে থাকা সব বন্ধু ও ভাতৃপ্রতিম দেশকে আন্তরিক ধন্যবাদ জানাই। সিরিয়া তার বেদনাদায়ক অতীত পেছনে ফেলে উন্নয়ন, পুনর্গঠন ও দেশ গড়ার যুগে প্রবেশ করছে।"

এক প্রতিবেদনে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা জানিয়েছে, সিরিয়াকে 'সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষক' রাষ্ট্রের তালিকা থেকে বাদ দিতে গত ৮ জুলাই যুক্তরাষ্ট্রের পার্লামেন্ট কংগ্রেস বরাবর সুপারিশ করেছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প। মার্কিন বিধি অনুযায়ী ৪৫ দিনের আবশ্যিক পর্যালোচনা শেষে সোমবার তালিকা থেকে সিরিয়ার নাম বাদ যাওয়ার বিষয়টি চূড়ান্ত হয়।

সিরিয়াকে 'সন্ত্রাসের পৃষ্ঠপোষক' রাষ্ট্রের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছিল ১৯৭৯ সালে। সে সময় দেশটির প্রেসিডেন্ট ছিলেন হাফেজ আল আসাদ। ২০০০ সালে হাফেজ আল আসাদের মৃত্যুর পর সিরিয়ার প্রেসিডেন্ট হন বাশার আল আসাদ। বাশারের ২৪ বছরের প্রেসিডেন্সির আমলেও এই কালো তালিকায় ছিল সিরিয়া।

২০২৪ সালে এক ঝটিকা অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হন বাশার আল আসাদ। বর্তমানে সপরিবারে রাশিয়ায় অবস্থান করছেন তিনি। সন্ত্রাসবাদের মদদদাতা রাষ্ট্রের তালিকায় থাকার কারণে যুক্তরাষ্ট্রের বৈদেশিক সাহায্য, প্রতিরক্ষা সরঞ্জাম ক্রয়-বিক্রি, সামরিক-বেসামরিক কাজে ব্যবহারযোগ্য নির্দিষ্ট কিছু সামগ্রী এবং আন্তর্জাতিক আর্থিক লেনদেনে সিরিয়ার ওপর ব্যাপকমাত্রায় নিষেধাজ্ঞা ছিল। এছাড়া সিরিয়ায় বিদেশি বিনিয়োগ আসার ক্ষেত্রেও বড় প্রতিবন্ধকতা ছিল মার্কিন কালো তালিকায় সিরিয়ার উপস্থিতি।

গত সোমবার এক বিবৃতিতে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও জানিয়েছেন, আন্তর্জাতিক সন্ত্রাসবাদ থেকে সিরিয়াকে পুরোপুরি দূরে রাখার বিষয়ে প্রেসিডেন্ট শারার সুনির্দিষ্ট অঙ্গীকার ও ইতিবাচক পদক্ষেপের স্বীকৃতি হিসেবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ইরানের সঙ্গে সম্পর্ক: ৪ ভারতীয় কোম্পানিকে নিষেধাজ্ঞা দিলো যুক্তরাষ্ট্র

বিশ্ব বার্তা ডেস্ক

ইরানের সঙ্গে সম্পর্ক এবং দেশটি থেকে জ্বালানি তেল ক্রয়ের অভিযোগে ৪ ভারতীয় কোম্পানিকে নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়। গত কাল সোমবার মন্ত্রণালয় থেকে দেওয়া এক বিবৃতিতে জানানো হয়েছে এ তথ্য।

নিষেধাজ্ঞার আওতায় পড়া কোম্পানিগুলো হলো 'পোর্টিস পার্টনার এলএলপি', 'সদাশিব ওভারসিজ লিমিটেড', 'পিআর সফটটেক প্রাইভেট লিমিটেড' এবং 'প্রাক্তুতিস ইনফ্রা ইমপেক্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড'।

পররাষ্ট্র মন্ত্রনালয়ের বিবৃতিতে বলা হয়েছে, ভারতের এই চার কোম্পানি ইরান থেকে আমদানি, মজুত, স্থানান্তর, বিক্রয় এবং ইরানকে তেল রপ্তানিতে সহযোগিতা সংক্রান্ত বিভিন্ন ভূমিকায় সক্রিয়ভাবে যুক্ত। আরও বলা হয়েছে, ইরানের বিরুদ্ধে অর্থনৈতিক যুদ্ধাভিযান 'অপারেশন ইকোনমিক আউটকাস্ট' শুরু করেছে যুক্তরাষ্ট্র। এ অভিযানের অংশ হিসেবে বিশ্বের বিভিন্ন দেশের যেসব ব্যক্তি ও কোম্পানি ইরানের সামরিক বাহিনী এবং জ্বালানি খাতের সঙ্গে কোনো না কোনোভাবে সংশ্লিষ্ট তাদের সবার ওপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্ত নিয়েছে মার্কিন প্রশাসন। সেই সিদ্ধান্তের ধারাবাহিকতাতেই ভারতের এই চার কোম্পানিকে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ১৯ আগস্ট ইরানের বিরুদ্ধে অর্থনৈতিক অভিযান শুরুর ঘোষণা দেন প্রসিডেন্ট ট্রাম্প। নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে পোস্ট করা এক বার্তায় এ প্রসঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বলেন, "ইসলামি প্রজাতন্ত্রী ইরানকে আমি ছাড়া আর কেউ চুক্তির জন্য এত সুযোগ-সুবিধা, এত ছাড় দেয়নি। এটা তাদের জন্য দুঃখজনক যে তারা চুক্তি করতে ব্যর্থ হয়েছে। এ কারণে আজ আমি ইরানের বিরুদ্ধে সবচেয়ে বিধ্বংসী অর্থনৈতিক অভিযান ঘোষণা করছি। এ অভিযান এতটা বিধ্বংসী হবে যে এর আগে কোনো রাষ্ট্রের বিরুদ্ধে এমন অভিযান হয়নি। এটা হবে একটি অর্থনৈতিক যুদ্ধ এবং এর জেরে ইরান আন্তর্জাতিক বিশ্ব থেকে অভূতপূর্ব মাত্রায় বিচ্ছিন্ন হয়ে যাবে।" ট্রুথ সোশ্যাল পোস্টে ইরানের প্রতি মিত্রভাবাপন্ন দেশগুলোকে হুঁশিয়ারিও দেন প্রেসিডেন্ট ট্রাম্প; বলেন, "আমি আরও ঘোষণা করছি যে (অভিযান চলাকালে) কোনো দেশ যদি তার অর্থনৈতিক প্রতিষ্ঠান, বাণিজ্য, বিমান বন্দর অথবা সরকারি প্রতিষ্ঠানের মাধ্যকে ইরানকে কোনো প্রকার সহযোগিতা প্রদান করে, সেক্ষেত্রে সেই দেশকেও ভয়াবহ অর্থনৈতিক পরিণতি ভুগতে হবে। তেল চোরাচালান, পণ্য বিনিময় লাইন, নগদ অর্থ স্থানান্তর, মুদ্রা বিনিময় কেন্দ্র, জাহাজ নিবন্ধন, ভুয়া কোম্পানি - এই সবকিছু এখন থেকে বন্ধ হতে হবে।"

ভারী বৃষ্টিতে বিপর্যস্ত নয়াদিল্লি লাল সতর্কতা জারি

বিশ্ব বার্তা ডেস্ক

গত সোমবার থেকে শুরু হওয়া টানা বৃষ্টির জেরে লাল সতর্কতা জারি করা হয়েছে ভারতের রাজধানী নয়াদিল্লিতে। ভারতের আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ মঙ্গলবারও নয়াদিল্লি এবং সংলগ্ন এলাকাগুলোতে বৃষ্টিপাত অব্যাহত থাকবে।

সোমবারের বৃষ্টি শুরু হওয়ার পর কয়েক ঘণ্টার মধ্যে নয়াদিল্লির বহু এলাকা জলমগ্ন হয়ে পড়ায় প্রবল যানজটের সৃষ্টি হয়। ফলে চরম ভোগান্তিতে পড়েন পথচারীরা।

ভারতীয় সংবাদমাধ্যমগুলোর তথ্য অনুসারে, সকাল থেকেই রাজধানীর বিস্তীর্ণ অংশে মাঝারি থেকে ভারী বৃষ্টি শুরু হয়েছে। কয়েকটি জায়গায় ঘণ্টায় ৩০-৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার সতর্কতাও দেওয়া হয়েছে। ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে মধ্য দিল্লি, পূর্ব দিল্লি, নয়াদিল্লি, উত্তর দিল্লি, উত্তর-পূর্ব দিল্লি, উত্তর-পশ্চিম দিল্লি, শাহদরা, দক্ষিণ দিল্লি, দক্ষিণ-পূর্ব দিল্লি, দক্ষিণ-পশ্চিম দিল্লি এবং পশ্চিম দিল্লিতে। আবহাওয়া দপ্তরের কর্মকর্তা শশী কান্ত জানিয়েছেন, সম্প্রতি শুষ্ক উত্তুরে বাতাস উত্তর দিক থেকে নয়াদিল্লিতে প্রবেশ করছে; অন্য দিকে, পশ্চিমবঙ্গে এক নিচাপ অঞ্চল সৃষ্টি হওয়ায় বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প দিল্লিতে প্রবেশ করছে। এই দু'ধরনের বাতাস প্রবেশ করার কারণে রাজধানী এবং সংলগ্ন অঞ্চলে ভারী বৃষ্টির অনুকূল পরিস্থিতি সৃষ্টি হয়েছে। সঙ্গে ঝোড়ো হওয়া।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী কয়েক ঘণ্টার মধ্যে দিল্লি এবং এনসিআরের বেশ কিছু এলাকায় ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ-সহ মাঝারি থেকে ভারী বৃষ্টি হবে। লেনী দেহাত, হিন্ডন বায়ুসেনাঘাঁটি, ইন্দিরাপুরম, নয়??ডা, গুরুগ্রাম, ফরিদাবাদ, মানেসর, যমুনানগর, পানীপত, গন্নৌরস, সোনিপত, রোহতক, ঝজ্জর, ফরুখনগর, সোহনা, খরখৌদা, খেকড়া, বড়ৌত-সহ বেশ কিছু জায়গায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

রাজধানী এবং সংলগ্ন অঞ্চলের বহু এলাকা জলমগ্ন হওয়ার কারণে যান চলচাল ব্যাহত হয়েছে। মঙ্গলবারেও ছবিটা একই রকম। বিমান পরিষেবা সকাল থেকে খুব একটা ব্যাহত না হলেও ফ্লাইটরেডার২৪-এর তথ্য বলছে, সোমবার থেকে ১৮টি বিমান বাতিল করা হয়েছে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে। এ ছাড়াও ১৬৬টি বিমান ওঠানামায় দেরি হয়েছে। গত সোমবারের বৃষ্টিতে রাজধানীর রামমনোহর লোহিয়া হাসপাতাল, এমস-সংলগ্ন এলাকা, অশোক রোড, সুপ্রিম কোর্ট সংলগ্ন এলাকা জলমগ্ন হয়ে পড়ে। এ ছাড়াও বাবা খড়গ সিংহ মার্গ, কনট প্লেস আউটার সার্কল, পার্লামেন্ট স্ট্রিট, আইটিও, এরকে পুরম, ফিরোজশাহ রোড জলমগ্ন হয়ে পড়ে। অন্য দিকে, উত্তরপ্রদেশের নয়ডা, হরিয়ানার গুরুগ্রামে বৃষ্টি এবং ঝড়ের সতর্কতা জারি করা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে এই দুই জায়গায় বাড়ি থেকে কাজ করার পরামর্শ দেওয়া হয়েছে বিভিন্ন সংস্থার কর্মীদের। স্কুল, কলেজও অনলাইনে ক্লাস করানোর পরামর্শ দেওয়া হয়েছে।

স্বস্তি, কিন্তু কিছুটা একাকী: সরকারি বাসভবন থেকে তেলাপোকা সরানোর পর জাপানের প্রধানমন্ত্রী

বিশ্ব বার্তা ডেস্ক

জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি স্বীকার করেছেন, ক্ষমতার শীর্ষে জীবন কখনো কখনো বেশ একাকীও হয়ে ওঠে। সম্প্রতি স্যোশাল মিডিয়ায় দেওয়া এক খোলামেলা পোস্টে তাকাইচি সরকারি বাসভবনে দীর্ঘ সময় কাজ করার একটি ঘটনা তুলে ধরেছেন। সেখানে তিনি জানিয়েছেন, কোনো ভূত তার দেখা হয়নি, তবে একটি তেলাপোকার মুখোমুখি হয়েছিলেন। তাকাইচি তেলাপোকাটিকে মারেননি। কারণ তার বিশ্বাস, সেটি হয়তো 'দীর্ঘ পুনর্জন্মের চক্রের'ই একটি অংশ। শেষ পর্যন্ত তার সহযোগীরা বিষয়টি জানতে পেরে তেলাপোকাটি সরিয়ে দেন। এতে তিনি 'স্বস্তি' পেয়েছিলেন, তবে একই সঙ্গে 'কিছুটা একাকী, অথবা হয়তো দুঃখী'ও অনুভব করেছিলেন।

৬৫ বছর বয়সী তাকাইচি জাপানের লিবারেল ডেমোক্রেটিক পার্টির নেতা। গত ডিসেম্বর থেকে তিনি মধ্য টোকিওর সরকারি প্রধানমন্ত্রীর বাসভবনে থাকছেন।

তার 'অত্যন্ত ভালো বন্ধু' ট্রাম্পের মতোই ব্যবহার করে সরাসরি সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ করেন তাকাইচি। তিনি লিখেছেন, সরকারি বাসভবন নিয়ে আগে লিখেছেন, তাই সেখানে পাওয়া সাধারণ কিছু প্রশ্নেরও উত্তর দিতে চান। এর মধ্যে একটি প্রশ্ন ছিল, 'সরকারি বাসভবনে যে ভূত দেখা যায় বলে শোনা যায়, তাদের সঙ্গে কি ইতিমধ্যে আপনার দেখা হয়েছে?' তাকাইচি জবাব দেন, তিনি কখনো কোনো ভূতের মুখোমুখি হননি। তবে কিছুদিন আগ পর্যন্ত তেলাপোকা দেখলে তিনিই চিৎকার করতেন।

তিনি বলেন, সরকারি বাসভবনে ওঠার পরও তিনি নিয়মিত খাবার টেবিলের নিচের মেঝে পরিষ্কার করতেন, খাবারের উচ্ছিষ্ট শক্ত ঢাকনাযুক্ত ময়লার পাত্রে রাখতেন এবং প্লাস্টিকের পাত্রগুলো ধুয়ে আলাদা করে রাখতেন। তাই এখনো প্রাপ্তবয়স্ক হয়েও তিনি পোকামাকড়, এমনকি তেলাপোকাও মারতে পারেন না। সরকারি বাসভবনে যে তেলাপোকাটি তার সামনে দিয়ে দৌড়ে গিয়েছিল, সেটিকে দেখে তিনি ভাবছিলেন, 'হয়তো এই জীবনও সেই দীর্ঘ পুনর্জন্মের চক্রের একটি অংশ।'



একদিন হঠাৎ পায়ের পাশ দিয়ে একটি তেলাপোকা ছুটে যাওয়ায় তিনি খুব অবাক হন।

এরপর তিনি তার ছোটবেলার প্রিয় জাপানি মাঙ্গা সিরিজ ফিনিস্ত্রে কথা উল্লেখ করেন। লেখক ওসামু তেজুকার এই মাঙ্গা তিনি ছোটবেলা থেকেই ভালোবাসেন এবং বহুবার পড়েছেন। ফিনিস্ত মাঙ্গায় পুনর্জন্মের ধারণা তুলে ধরা হয়েছে, যেখানে বলা হয়, 'জীবন পরস্পরের সঙ্গে যুক্ত এবং রূপ বদলায়।' ছোটবেলাতেই এই ধারণা তার ওপর গভীর প্রভাব ফেলেছিল বলে জানান তাকাইচি।

তিনি বলেন, সম্ভবত সেই কারণেই তাই কিছু সময় তিনি অপেক্ষা করেছিলেন, আশা করেছিলেন তেলাপোকাটি হয়তো নিজে থেকেই চলে যাবে। কিন্তু শেষ পর্যন্ত তিনি তার সহযোগীদের বিষয়টি জানান। তারা বিষয়টি শুনে আতঙ্কিত হয়ে পড়েন। তাদের একজন দৃঢ়ভাবে বলেন, 'এটা অপরিষ্কার। আমি ব্যবস্থা নিচ্ছি।' এরপর তেলাপোকা দমনে শুরু হয় 'অপারেশন কমব্যাট'। সেই অভিযানের পর আর তেলাপোকা দেখা যায়নি। তাকাইচি লিখেছেন, এতে তিনি স্বস্তি পেয়েছিলেন। কিন্তু একই সঙ্গে তার মনে হয়েছিল, তিনি 'কিছুটা একাকী, অথবা হয়তো দুঃখীও।

ইরানি কমান্ডারের খোঁজ দিলেই ১০ মিলিয়ন ডলার দেবে যুক্তরাষ্ট্র

বিশ্ব বার্তা ডেস্ক

ইরানের ইসলামিক রিভোল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) শীর্ষ পাঁচ কর্মকর্তার বিষয়ে সঠিক তথ্য প্রদানের বিনিময়ে ১ কোটি বা ১০ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পুরস্কার এবং অন্য স্থানে পুনর্বাসনের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর।

গতকাল মঙ্গলবার সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ প্রকাশিত রিওয়ার্ডস ফর জাস্টিস কর্মসূচির একটি নোটিশের বরাতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। যোগ্য বা কার্যকর তথ্য প্রদানকারীরা মার্কিন প্রশাসনের পক্ষ থেকে পুনর্বাসন ও পুরস্কার পাওয়ার যোগ্য হতে পারেন বলে জানা গেছে।

যে পাঁচ জন আইআরজিসি কর্মকর্তার বিষয়ে তথ্য চাওয়া হয়েছে তারা হলেন আইআরজিসি কমান্ডার আহমেদ ওয়াহিদি, খাতিমুল আনবিয়া কেন্দ্রীয় সদর দপ্তরের প্রধান আলি আব্দুল্লাহি, আইআরজিসি অ্যারোস্পেস ফোর্সের ড্রোন কমান্ডার সাঈদ আগাজানি, আইআরজিসি সাইবার ইলেকট্রনিক কমান্ডের প্রধান হামিদরেজা লাশগারিয়ান এবং গোয়েন্দা দপ্তরের কমান্ডার মাজিদ খাদেমি।

তিউনিশিয়া উপকূল থেকে ১২ অভিবাসীর মরদেহ উদ্ধার

বিশ্ব বার্তা ডেস্ক

উত্তর আফ্রিকার দেশ তিউনিশিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলীয় ভূমধ্যসাগরীয় উপকূল থেকে অন্তত ১২ অভিবাসনপ্রত্যাশীর মরদেহ উদ্ধার করা হয়েছে। অভিবাসীদের বহনকারী একটি নৌকাডুবির পর হতাহতের ওই ঘটনা ঘটেছে। এই ঘটনায় এক অভিবাসীকে জীবিত উদ্ধার করেছে দেশটির ন্যাশনাল গার্ড।

তিউনিশিয়ার ন্যাশনাল গার্ড বলেছে, ১